



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৬১৯

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৬

০৯ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টি এবং গুদাম সংস্কারের কাজের জন্য খুলনা বিভাগে চালের
চলাচল সূচি জারির পূর্বানুমোদন প্রদান।

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা এর ২৮/০৮/২০১৯ খ্রিঃ তারিখের
১৩.০৫.০০০০.০০৮.৫০.০০১.১৮-২১৫০ নং স্মারক এবং ০৩/০৯/২০১৯ খ্রি. তারিখের
১৩.০৫.০০০০.০০৮.৫০.০০১.১৮.২২১৩ স্মারক।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে, যশোর জেলায় অভ্যন্তরীণ বোরো সংগ্রহ'১৯ মৌসুমে সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে এবং কুষ্টিয়া জেলার জগতি এলএসডিতে এফএম-০১ ও এফএম-০২ গুদামে সিলিং, ফ্লোর ও দেয়াল সংস্কারসহ পেইন্টিং কাজের জন্য অভ্যন্তরীণ আমন/১৮-১৯ ও বোরো/১৯ মৌসুমের সিদ্ধ ও আতপ চাল অন্যত্র প্রেরণের জন্য জরুরি চলাচল সূচি প্রণয়নের নিমিত্তে সূচি জারি পূর্বানুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা কর্তৃক সূত্রস্থ স্মারকদ্বয়ে অনুরোধ করা হয়েছে।

সারণি-১ : খুলনা বিভাগে চালের চলাচল সূচির পূর্বানুমোদন এর প্রস্তাব

ক্র. নং	প্রেরক জেলা	এলএসডি'র নাম	কার্যকরী ধারণ ক্ষমতা	প্রেরণ কেন্দ্রের বর্তমান মজুত (৫)					প্রেরণ কেন্দ্রে সংগ্রহের অবশিষ্ট পরিমাণ	প্রাপক কেন্দ্র (৭)			পণ্য	সূচির প্রস্তাব
				সিদ্ধ চাল	আতপ চাল	গম	ধান	মোট		এলএসডি/ সিএসডি	কার্যকরী ধারণ ক্ষমতা	বর্তমান মোট মজুত		
১	২	৩	৪	৫(১)	৫(২)	৫(৩)	৫(৪)	৫(৫)	৬	৭(১)	৭(২)	৭(৩)	৮	৯
১	যশোর	নওয়াপাড়া এলএসডি	১০০০	২০৬৫	০	৩৮	৯৯	২২০২	৫৮৬	খুলনা সিএসডি	৫৮০০০	৩২৮৫৬	সংগৃহীত বোরো'১৯ সিদ্ধ চাল	৮০০
২.	কুষ্টিয়া	জগতি এলএসডি	৩৫০০	৪০৮৪	২২০	০	০	৪৩০৪	০				আমন'১৮-১৯ ও বোরো'১৯ মৌসুমের সিদ্ধ ও আতপ চাল	১৩৭৪
													মোট=	২১৭৪

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা এর প্রস্তাবমতে যশোর জেলায় সংগ্রহ কার্যক্রমে চাল সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে এবং কুষ্টিয়া জেলায় জগতি এলএসডিতে দেয়াল সংস্কার ও পেইন্টিং কাজের জন্য মোট ২১৭৪ মে.টন আমন'১৮-১৯ এবং বোরো'১৯ সিদ্ধ ও আতপ চাল খুলনা সিএসডিতে ডিআরটিসির মাধ্যমে স্থানান্তরের পূর্বানুমোদন সারণি-১ এ উল্লিখিত প্রস্তাব অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

অনুসরণীয় নির্দেশনাঃ


(১) পূর্বানুমোদনের আওতায় সংগৃহীত বোরো'২০১৯ সিদ্ধ চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি

করতে হবে।

(২) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-২৬৫ নং পরিপত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে।

(৩) এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকে নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলারকর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্টেন্সিলের স্পষ্ট ছাপ দেওয়ার জন্য অনুসরণ করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



৯-৯-২০১৯

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা


স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৯.৬১৯/১(৯)

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৬

০৯ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা।
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুষ্টিয়া
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, যশোর



৯-৯-২০১৯

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক